গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
প্রশাসন শাখা
blwf.gov.bd

স্মারক নম্বর: ৪০.০৭.০০০০.০০৫.৪১.০০১.২০.undefined

তারিখ: ১১ পৌষ ১৪২৯
২৬ ডিসেম্বর ২০২২

বিষয়: **বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের ২৬ তম পরিচালনা বোর্ড সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের গত ১৩ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত ২৬ তম বোর্ড সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী-০২(দুই) পৃষ্ঠা।

২৬-১২-২০২২
ড. মোল্লা জালাল উদ্দিন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৫৫১০০৪৮৩
ইমেইল: blwf.mole@gmail.com

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)
১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
৩) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৪) সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৫) সচিব, শিল্প মন্ত্রণালয়
৬) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৭) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
৮) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৯) মহাপরিচালক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
১০) জনাব ফারুক আহাম্মাদ, মহাসচিব ও সিইও, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা
১১) জনাব মুহাম্মাদ হাবিবুর রহমান, সিনিয়র লিগ্যাল অফিসার, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা
১২) মিস ভিদিয়া অমরিত খাঁন, কমিটি সদস্য, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা
১৩) জনাব সালাউদ্দিন ইউসুফ, কমিটি সদস্য, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা

১৪) মিস অমরিতা মাখিন ইসলাম, কমিটি সদস্য,
বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, ১২২-১২৪, মতিঝিল
বা/এ, ঢাকা
১৫) কার্যকরী সভাপতি, জাতীয় শ্রমিক লীগ, ২৩ বঙ্গাবন্ধু
এভিনিউ, ঢাকা
১৬) জনাব মোঃ শাহাবুদ্দিন মিয়া, সহ-সভাপতি, জাতীয়
শ্রমিক লীগ, ঢাকা
১৭) কাজী রহিমা আক্তার সাথী, সাধারণ সম্পাদক,
মহিলা শ্রমিক লীগ, ২৩ বঙ্গাবন্ধু এভিনিউ, ঢাকা
১৮) জনাব শাহ মোঃ আবু জাফর, সভাপতি, বাংলাদেশ
লেবার ফেডারেশন, ১৪/২ ইকবাল রোড, ঢাকা
১৯) ডাঃ ওয়াজেদুল ইসলাম খান, সাধারণ সম্পাদক,
বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র, ঢাকা

স্মারক নম্বর: ৪০.০৭.০০০০.০০৫.৪১.০০১.২০.undefined/১(৭)

তারিখ: ১১ পৌষ ১৪২৯
২৬ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
২) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (নোটিশটি ফাউন্ডেশনের ওয়েবসাইটে প্রকাশসহ আইসিটি বিষয়ক কার্যক্রম পরিচালনা জন্য অনুরোধ করা হলো)
৫) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
৬) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (পিএ), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতি জন্য)
৭) অফিস কপি, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন



২৬-১২-২০২২
তাসনোভা আহমেদ অনন্যা
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
২১ তলা, ভবন নং ০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.blwf.gov.bd

**বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের পরিচালনা বোর্ডের ২৬ তম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | বেগম মন্নুজান সুফিয়ান, এম.পি<br>প্রতিমন্ত্রী<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| সহ-সভাপতি | : | জনাব মোঃ এহছানে এলাহী<br>সচিব<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ১৩ ডিসেম্বর, ২০২২ বিকাল ০২:৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভা কক্ষ। |
| সভার উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট -'ক' দ্রষ্টব্য। |

সভাপতি মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষ্যে একাত্তরের শহিদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বোর্ড সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, প্রারম্ভিক বক্তব্য রাখার জন্য সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-কে অনুরোধ করা হয়।

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় মহান বিজয় দিবস যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের আহ্বান জানিয়ে বোর্ড সভার কার্যপত্রের আলোচ্যসূচি উপস্থাপন করার জন্য বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের মহাপরিচালক-কে আহ্বান জানান।

মহাপরিচালক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যবিবরণীর উপর কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

মহাপরিচালক ২৫তম বোর্ড সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর একটি প্রতিবেদন পেশ করেন।
অত:পর ২৬তম বোর্ড সভার কার্যপত্র উপস্থাপন করা হয়। সকল বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়কারী |
|---|---|---|---|
| ০১. | **২৫ তম বোর্ড সভার কার্যবিবরণী**<br>৩১ জুলাই, ২০২২ তারিখে অনুষ্ঠিত ২৫ তম বোর্ড সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ২৫ তম বোর্ড সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | বা.শ্র.ক.ফা. |
| ০২. | **২৫ তম বোর্ড সভার বাস্তবায়ন অগ্রগতি**<br>২৫তম বোর্ড সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয়। | বাস্তবায়ন কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখতে হবে। | বা.শ্র.ক.ফা. |
| ০৩. | **বাজেট সংশোধন**<br>সভায় মহাপরিচালক কর্তৃক বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন-এর ২০২২-২০২৩ অর্থ বৎসরের অনুমোদিত বাজেটে আপ্যায়ন খাতে সংশোধন পূর্বক আরো ২ (দুই) লক্ষ টাকা, অভ্যন্তরী প্রশিক্ষণ খাতে ১ (এক) লক্ষ টাকা এবং সঞ্জীবনী প্রশিক্ষণ খাতে ৭ (সাত) লক্ষ টাকার সংশোধিত বাজেট উপস্থাপন করেন। অর্থ মন্ত্রণালয় প্রতিনিধি জানান ২০২২-২৩ অর্থ বৎসরের শুধু জরুরি ক্ষেত্র বিবেচনায় আপ্যায়ন ব্যয়, আভ্যন্তরীন প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করতে হবে। | ২০২২-২০২৩ অর্থ বৎসরের অনুমোদিত বাজেট অনুযায়ী খরচ করতে হবে। | বা.শ্র.ক.ফা. |
| ০৪. | **যাচাইকৃত আবেদনসমূহের আর্থিক বরাদ্দ অনুমোদন** | (ক) সভায় সর্বসম্মতিক্রমে ইতোমধ্যে | বা.শ্র.ক.ফা. |

(ক) মহাপরিচালক জানান বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের ২৬ তম বোর্ড সভার জন্য বিভিন্ন জেলা থেকে প্রাপ্ত আবেদনপত্র সমূহ ডকেটিং এর পর যাচাই-বাছাই কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করা হয়েছে। যাচাই বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত এবং জরুরী অনুদান প্রদানকৃত অদ্যকার সভায় মোট ২৮৩৬ টি আবেদনপত্র বিবেচনার জন্য পেশ করা হলো। (তালিকা সংযুক্ত):

| | | | |
|---|---|---|---|
| ১. | মৃত শ্রমিক | ১১৪ টি | ১,২১,২৫০০০/- |
| ২. | চিকিৎসা | ২৫৭৮ টি | ১৫,৭৮,৪৫০০০/- |
| ৩. | শ্রমিকদের মেধাবী সন্তানদের উচ্চ শিক্ষা | ৯৭ টি | ৪৫,৬০,০০০/- |
| ৪. | জরুরী (মৃত/চিকিৎসা) ভূতাপেক্ষ অনুমোদন | ৪৭ টি | ২৩,৩০,০০০/- |
| | মোট | ২৮৩৬ টি | ১৭,৬৮,৬০,০০০/- |

কথায়ঃ (সতেরো কোটি আটষট্টি লক্ষ ষাট হাজার) টাকা মাত্র।

উল্লেখ্য জরুরী ভিত্তিতে সর্বমোট ৪৭ জনকে ইতোমধ্যে ২৩,৩০,০০০/- (তেইশ লক্ষ ত্রিশ হাজার) টাকা আর্থিক সহায়তা/অনুদান প্রদান করা হয়েছে। প্রদানকৃত অর্থের ভূতাপেক্ষ অনুমোদন প্রয়োজন। অদ্যকার বোর্ড সভায় প্রস্তাব অনুমোদনের জন্য আলোচনা হয়।

(খ) অর্থ বিভাগের প্রতিনিধি প্রস্তাব করেন যে, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন হতে বিভিন্ন প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক শ্রমিকদের অনুদান প্রদান সম্বলিত বিস্তারিত তথ্য উল্লেখ করে বুকলেট/ডকুমেন্টরী/লিফলেট তৈরী করা প্রয়োজন।

(গ) সভায় জানানো হয় যে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের ২০১৩ সন হতে এ পর্যন্ত ১৬১২০ জন শ্রমিক-কে সহায়তা প্রদান করা হয়েছে এবং যাচাই-বাছাইকৃত ক্রুটিপূর্ণ আবেদন বাতিল করা হয়েছে। বর্তমানে ফাউন্ডেশন অফিসে মাত্র ৩টি রুমে কর্মকর্তা কর্মচারী বসার স্থান নির্ধারিত রয়েছে। আবেদনগুলো সংরক্ষণের মত কোন স্টোর রুম না থাকায় এ তিনটি কক্ষ ও করিডোরে স্তুপকৃত করে রাখা হয়েছে। এতে অফিসের কর্মপরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। সচিবালয় নির্দেশমালা অনুযায়ী বিনষ্টকরণের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। উল্লেখ্য অনুদান প্রাপ্ত আবেদনকারীর বিস্তারিত তথ্য সংরক্ষিত আছে।

আর্থিক অনুদান প্রদানকৃত ৪৭ টি আবেদনের বিপরীতে ২৩,৩০,০০০/- টাকার ভূতাপেক্ষ অনুমোদনসহ উপস্থাপিত মোট ২৮৩৬ টি আবেদনের অনুকূলে বিভিন্ন খাতে সর্বমোট ১৭,৬৮,৬০,০০০/- (সতেরো কোটি আটষট্টি লক্ষ ষাট হাজার) টাকা অনুমোদন করা হয়।

(খ) ফাউন্ডেশনের শ্রমিকদের অনুদান প্রদান সম্বলিত বিস্তারিত তথ্য উল্লেখ করে বুকলেট/ডকুমেন্টরী/লিফলেট তৈরী করতে হবে।

(গ) শুরু থেকে ২০ তম বোর্ড সভা পর্যন্ত অনুদান প্রাপ্ত এবং বাতিলকৃত আবেদনসমূহ বিনষ্টকরণ করতে হবে।

সভাপতি বলেন, শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ সংস্থা। শ্রমজীবি মানুষের কল্যাণে এ সংস্থা উল্লেখযোগ্য অবদান রাখছে। শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের কার্যক্রমে অধিকতর গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার বিষয়ে সভাপতি বিশেষ গুরুত্বারোপ করেন।

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বেগম মন্নুজান সুফিয়ান, এম.পি)
প্রতিমন্ত্রী
ও
চেয়ারম্যান
পরিচালনা বোর্ড
বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।